

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.১৬৪.১৪. ১৩৪৭

তারিখ : ১০/১০/২০১৬ খ্রিঃ


বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, আপনি জনাব মোঃ জাহিদ হোসেন, অফিস সহায়ক পদে চট্টগ্রাম বিভাগীয় আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে কর্মরত আছেন।

- ২। আপনি জনাব মোঃ জাহিদ হোসেন, অফিস সহায়ক গত ৩০/০৮/২০১৬ খ্রিঃ তারিখ বুধবার মাতাল অবস্থায় অফিস চলাকালীন সময়ে আঞ্চলিক পরিচালক ও আঞ্চলিক পরিদর্শকের অবর্তমানে তাদের উদ্দেশ্যে ও উপস্থিত দপ্তরে কর্মরত স্টাফদের প্রতি অশোভন আচরণ করেন এবং জানমালের হুমকী দেন।
- ৩। আপনি প্রায়ই মাতাল অবস্থায় পরে থাকার কারণে ডিউটি সঠিকভাবে পালন করেননা।
- ৪। আপনি পূর্বেও এসব আচরণ করেছেন এতে অফিসের কাজ কর্মে চরমভাবে বিঘ্ন সৃষ্টি হচ্ছে ও স্টাফদের সর্বদা আতংকে দিন কাটাতে হয়। আপনি স্থানীয় হওয়ার প্রভাব দেখিয়ে লোকজন দিয়ে বিভিন্ন সমস্যার সৃষ্টি করেন।

আপনার এহেন কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থি যা কর্তব্য কাজে অসদাচরনের সামিল।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর দন্ড বিধি ৩ এর (বি) বিধি মোতাবেক “অসদাচরন” (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হবে না তা এ বিধিমালার ৭(বি) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত ভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।


১০/১০/১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব

পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ জাহিদ হোসেন
অফিস সহায়ক
আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়
চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা।

অনুলিপি :

- ১। আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।